গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-১ অধিশাখা
www.sid.gov.bd

**বিষয়ঃ "অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ" শীর্ষক অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ২০ জুন, ২০২৩ খ্রি. |
| সময় | : | বেলা ১০.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ, ব্লক-বি এবং ভার্চুয়াল প্লাটফর্ম |
| সভাপতি | : | জনাব এস এম শাকিল আখতার<br>যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা ও পরিকল্পনা) এবং অনিক<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা | : | পরিশিষ্ট "ক" সংযুক্ত |

সভার শুরুতে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) গ্রহণের বিষয়ে বিস্তারিত উপস্থাপনের জন্য উপসচিব (উন্নয়ন-১)-কে অনুরোধ করেন। উপসচিব (উন্নয়ন-১), জনাব মোঃ মোস্তাফিজুর রহমান বলেন যে, APA এর ইন্ডিকেটরে অংশীজনদের নিয়ে এ অর্থবছরে ২টি সভা করার কথা উল্লেখ রয়েছে। এটি ২য় সভা। প্রথম সভাটি গত ২২/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছিল। তিনি এ সম্পর্কে আরও বলেন- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইটে GRS সেবাবক্সে তথ্য আপ-টু-ডেট রাখা হয়। অতপর সভাপতি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-র পরিসংখ্যানগত কোন তথ্য বা ডেটা পেতে কোন সমস্যা হয় কিনা, বিবিএস-এর ডেটাসমূহ ব্যবহার করেন কিনা এবং ডেটা ব্যবহারের ক্ষেত্রে কোনো অসুবিধা হয় কিনা এবং ডেটা সম্পর্কিত কোন অভিযোগ আছে কিনা-সে বিষয়ে সকলের মতামত আহ্বান করেন।

০২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রতিনিধি জুম প্লাটফর্মে অংশগ্রহণ করে সভায় জানান, বিবিএস এর ওয়েবসাইটে তথ্যগুলো বাংলাদেশ মৌলিক তথ্য বিশেষ Population and census এর তথ্যগুলো বা গবেষণাধর্মী কাজে যেসব তথ্য প্রয়োজন হয় সেগুলো পাওয়া যায়না। সভাপতি বিবিএস এর ওয়েবসাইট হালনাগাদ তথ্যাদি সমৃদ্ধ করার জন্য অনুরোধ করেন।

২.১। সভাপতি GRS এর অভিযোগ গুলো যথাসময়ে নিষ্পত্তির উপর গুরুত্বারোপ করেন। আলোচনায় অংশগ্রহণ করে মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রতিবেদন নিষ্পত্তির সম্পন্নের লক্ষ্যে নির্ধারিত সময়সীমার মধ্যে সমাপ্ত করার জন্য তিনি আহবান জানান।

২.২। উপসচিব, পরিকল্পনা অধিশাখা সভাকে জানান GRS সংক্রান্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যেসব সভা অনুষ্ঠিত হয় সেগুলোতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপযুক্ত প্রতিনিধিত্ব নিশ্চিত করার পাশাপাশি বিবিএস এর GRS সংক্রান্ত সভায় SID এর সংশ্লিষ্ট প্রতিনিধি অংশগ্রহণ করার বিষয়টি বিবেচনা করা যুক্তিসঙ্গত হবে। উপসচিব (উন্নয়ন-১) সভায় জানান, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)-র বিষয়ে অনুষ্ঠিত সভায় বিভাগের কোন প্রতিনিধিকে আহবান করা হয়না। সভাপতি পরবর্তীতে এ বিষয়টি বিবিএস সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

২.৩। এ পর্যায়ে সভাপতি জুম প্ল্যাটফর্মে এবং সরাসরি উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণের উদ্দেশ্যে বলেন- বিবিএস কর্তৃক প্রস্তুত বিভিন্ন তথ্য-উপাত্ত ব্যবহার এবং ব্যবহারের ক্ষেত্রে স্টেকহোল্ডাদের বর্তমানে কোন অভিযোগ নিষ্পত্তির অপেক্ষায় নেই। যদি কোনো অভিযোগ থাকে তবে তা লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করেন। এছাড়া সভাপতি বিবিএস এর GRS সংক্রান্ত তথ্যাদি যথাযথভাবে আপডেট করার জন্য অনুশাসন প্রদান করেন। বিস্তারিত আলোচনাশেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

চলমান পাতা

০৩। **সিদ্ধান্তসমূহ:**

(৩.১) সিটিজেন চার্টার ও Allocation of Business অনুযায়ী তথ্যের প্রাপ্তি ও ব্যবহারের ক্ষেত্রে স্টেকহোল্ডারগণের (প্রযোজ্যক্ষেত্রে) লিখিত অভিযোগ দাখিল করতে হবে।

(৩.২) অভিযোগ পাওয়া মাত্রই তাৎক্ষণিকভাবে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৩.৩) অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)-র বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

(৩.৪) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)-র বিষয়ে অনুষ্ঠিতব্য সকল সভায় এ বিভাগের প্রতিনিধিকে সভায় অংশগ্রহণের সুযোগ দিতে হবে।

**০৪।** সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৬/২০১৮

এস এম শাকিল আখতার
যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা ও পরিকল্পনা)
সভাপতি
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা ও পরিকল্পনা) জনাব এস এম শাকিল আখতার এর সভাপতিত্বে “অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা' বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ” সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরাঃ

(সভার তারিখ: ২০/০৬/২০২৩, রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায়, স্থান: সম্মেলন কক্ষ, ব্লক-বি)

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | তেহমীনা আকতার<br>উপসচিব | SID | 0172775৩৭৬৫ | |
| ২। | শেখ মামুনুর রহমান<br>উপ-সচিব | SID | ০১৯১৬৪৮১৬৬৪ | |
| ৩। | মাসুমা পারভীন-<br>উপ-সচিব | SID | 01710944895 | |
| ৪। | আবিদা সুলতানা<br>উপসচিব | SID | 01912651192 | |
| ৫। | কামরুল চাঁদ [illegible]<br>সিঃ সহঃ সচিব | SID | 01916034597 | 20/6/23 |
| ৬। | এস, এম, আনিসুজ্জামান<br>পরিচালক (ভাঃ) | BBS | 01715700532 | |
| ৭। | কাজী মোশারফ হোসেন | SID | 01986488766 | |
| ৮। | আতিয়া বিলকিস<br>পরিসংখ্যান কর্মকর্তা | BBS | 01793162834 | |
| ৯। | মু: ওবাইদুল মুরাদ<br>প্রোগ্রামার | SID | ০১৭১৭২২৮৩১২ | |
| ১০। | মো: মোস্তাফিজুর রহমান<br>উপসচিব | SID | 01914878320 | |
| ১১। | মো: মাহবুবুল আলম সিদ্দিকী, উপসচিব | SID | 01718271078 | |

| ক্রমিক নং. | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১২। | মোঃ ইমরান আহমেদ<br>উপসচিব | ৪৯৮ | ০১৭১৫৭৬৬৮৭৬ | [illegible] ২০/৭/১৬ |
| ১৩। | | | | |
| ১৪। | | | | |
| ১৫। | | | | |
| ১৬। | | | | |
| ১৭। | | | | |
| ১৮। | | | | |
| ১৯। | | | | |
| ২০। | | | | |
| ২১। | | | | |
| ২২। | | | | |
| ২৩। | | | | |



Zoom Meeting
View
Participants (5)
SID (Host, me)
Tarik, DS, MInistry of Agriculture
Md. Abdullah Al Masod
Md. Mofizul Islam, Public Security ...
SID Conf Room
GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
SID Conf Room
SID
Md. Mofizul Isla...
Md. Abdullah Al Masod
Md. Mofizul Islam, Public Security Division
Tarik, DS, MInis...
Tarik, DS, MInistry of Agriculture
Mute
Start Video
Security
Participants
Chat
Share Screen
Record
Reactions
Apps
Whiteboards
More
End
Invite
Mute All
Type here to search
English
10:11 AM
6/20/2023


oom Meeting
View
Optimize Microphone
Meeting started 9:55 AM
New messages
Tarik, DS, Ministry of Agriculture 10:18 AM
As Salamu Alaikum. As I have another schedule meeting at 10.30am, I need to exit this meeting at 10.30am. Thanks in advance
Messages addressed to "Meeting Group Chat" will also appear in the dedicated group chat in Team Chat
Tarik, DS, Ministry of Agriculture left
Jalal Habibur Rahman, DS, Cabinet Div. joined as a guest
Who can see your messages?
To: Meeting Group Chat
Message Meeting on GRS
SID Conf Room
SID
Mute
GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
j
Md. Mofizul Isla...
Jalal Habibur Rahman, DS, Cabinet Div.
Md. Mofizul Islam, Public Security Division
Md. Abdullah Al Masod
Mute
Start Video
Security
Participants
Chat
Share Screen
Record
Reactions
Apps
Whiteboards
More
End
Type here to search
10:37 AM
6/20/2023